গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ষোড়শ (১৬শ) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খন্দকার আনোয়ারুল ইসলাম<br>মন্ত্রিপরিষদ সচিব |
| সভার তারিখ | : | ২৩ ডিসেম্বর ২০২১খ্রি: |
| সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | অনলাইন সভা (Zoom)। |

অনলাইনে সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রম সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগসমূহের মধ্যে অন্যতম। দেশে বিভিন্ন ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। তিনি উল্লেখ করেন, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি সারা বিশ্বে বিভিন্ন আন্তর্জাতিক পরিমন্ডলে প্রশংসিত হয়েছে। সমগ্র বিশ্ব যখন কোভিড ১৯ মহামারীতে দিশেহারা সে সময় বাংলাদেশ তার সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য সময়োপযোগী উদ্যোগের ফলে অত্যন্ত সফলভাবে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও জনগণের স্বাভাবিক জীবনমান অব্যাহত রাখতে সক্ষম হয়েছে।

২। সভাপতি বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম প্রবর্তন করেন। ২০০৮ সালে পুনরায় সরকারের দায়িত্ব গ্রহণ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে আরও সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেন। এ খাতে সে সময় মোট বাজেটের ১৩ থেকে ১৪ শতাংশ বরাদ্দ করা হত। বর্তমান বছরে এ খাতে বরাদ্দ ১ লক্ষ ৭ হাজার কোটি টাকা, যা জিডিপির ৩.১১ শতাংশ এবং বাজেটের প্রায় ১৮ শতাংশ। সামাজিক নিরাপত্তা উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলকে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের প্রতি সভাপতি গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব, জনাব মোহাম্মদ খালেদ হাসান-কে অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ খালেদ হাসান আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।**

৩। পঞ্চদশ সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন বা পরিমার্জন থাকলে তা উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যগণের নিকট আহবান করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন পরিমার্জনের প্রয়োজন নেই মর্মে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করলে কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২: বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি।**

৪। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়। সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিতে সভাপতি সন্তুষ্টি প্রকাশ করেন, তবে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়সমূহের মতামত গ্রহণপূর্বক হালনাগাদ করতে বিলম্বের কারণ ব্যাখ্যা করতে বলেন। যুগ্মসচিব জনাব মোহাম্মদ খালেদ হাসান জানান, খসড়া কর্মপরিকল্পনাটির বিষয়ে ১৪টি মন্ত্রণালয় মতামত প্রদান করে। তাদের মতামত অংশিজনদের সঙ্গে পর্যালোচনার জন্য উপকমিটির বেশ কয়েকটি সভা ও কর্মশালা আয়োজন করতে হয়েছে। তাছাড়া, কোভিড-১৯ পরিস্থিতির কারণে এ কার্যক্রমে কিছুটা বিলম্ব হয়।

**আলোচ্য বিষয়-৩: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এর ২য় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) চূড়ান্তকরণ।**

৫। সভাপতি অত:পর সভার আলোচ্যসূচি অনুযায়ী জনাব মোহাম্মদ খালেদ হাসান, যুগ্মসচিব, সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা অধিশাখা-কে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর খসড়া কর্মপরিকল্পনা (২০২১-২৬) সংক্রান্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য অনুরোধ জানান। এ পরিপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ খালেদ হাসান পর্যায়ক্রমে কর্মপরিকল্পনার প্রেক্ষাপট, গঠন ও মূলবৈশিষ্ট্য এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মপরিকল্পনার প্রধান অংশসমূহ উপস্থাপন করেন।

৬। জনাব মোহাম্মদ খালেদ হাসান সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা বাংলাদেশ সরকারের অন্যতম অগ্রাধিকারপ্রাপ্ত বিশেষ কর্মসূচিসমূহের একটি। দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার ২০১৫ সালে দশ বছর মেয়াদী জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়ন করেছে। এ কৌশল বাস্তবায়নের জন্য সরকার পাঁচ বছর মেয়াদী একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করেছিল যার মেয়াদ এ বছর জুন মাসে সমাপ্ত হয়েছে। ফলশ্রুতিতে দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে জীবনচক্র কাঠামো অনুযায়ী পুনর্বিন্যাসের জন্য আগামী পাঁচ বছরের জন্য তথা ২০২৬ সাল পর্যন্ত একটি পরিকল্পনা প্রণয়নের জন্য কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক কর্মপরিকল্পনা উপকমিটিকে দায়িত্ব প্রদান করা হয়।

৭। কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ১৪ তম সভার (২ ফেব্রুয়ারি ২০২১খ্রি:) নির্দেশনার পরিপ্রেক্ষিতে সচিব, সমন্বয় ও সংস্কার-এর সভাপতিত্বে কর্মপরিকল্পনা উপকমিটি ৩৮ টি মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণের অংশগ্রহণের মাধ্যমে খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করে গত ২৭ জুন ২০২১খ্রি: তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ১৫ তম সভায় উপস্থাপন করে। উক্ত কমিটি পর্যালোচনার জন্য খসড়া কর্মপরিকল্পনাটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করে। সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ৩৮ টি মন্ত্রণালয়/বিভাগে ই-মেইলযোগে খসড়া কর্মপরিকল্পনাটি প্রেরণ করে। ১৬ টি মন্ত্রণালয়/বিভাগ হতে মতামত পাওয়া যায় এবং উপকমিটি কর্তৃক পর্যালোচনাপূর্বক তা হালনাগাদ করা হয়। খসড়ার মুদ্রিত কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে প্রেরণ করা হয়েছে মর্মে তিনি অবহিত করেন।

৮। উপস্থাপনায় উল্লেখ করা হয় যে, এ কর্মপরিকল্পনার মূল লক্ষ্য বিদ্যমান সামাজিক নিরাপত্তা ব্যবস্থার আধুনিকায়ন, বিতরণ ব্যবস্থা উন্নয়ন এবং সর্বোপরি জীবনচক্রভিত্তিক সামাজিক নিরাপত্তা ব্যবস্থা বিনির্মাণের ক্ষেত্রে যেসব ঘাটতি রয়েছে তা পূরণের জন্য কর্মসূচি গ্রহণ। এর অন্যতম উপাদান হচ্ছে জীবনচক্র ভিত্তিক কতিপয় বৃহৎ কর্মসূচি গ্রহণ, ক্ষুদ্র ক্ষুদ্র কর্মসূচিসমূহ সমন্বয়, দরিদ্র এবং দারিদ্র্য-নিকটবর্তী মানুষের জন্য সামাজিক নিরাপত্তা সম্প্রসারণ এবং সর্বোপরি এ ক্ষেত্রে সুশাসন ব্যবস্থা উন্নয়ন। এছাড়াও নগরকেন্দ্রিক সামাজিক নিরাপত্তা, প্রচার কৌশল, প্রতিবন্ধী অন্তর্ভুক্তি, কোভিড-১৯ মুখী কর্মসূচি ইত্যাদিও অন্তর্ভুক্ত করা হয়েছে।

৯। সচিব, সমন্বয় ও সংস্কার বলেন, খসড়া কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের সঙ্গে আলোচনাক্রমে চূড়ান্ত করে দাপ্তরিকভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে, যা সংকলনপূর্বক চূড়ান্ত করে কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করা হয় এবং সংশোধনের মাধ্যমে চূড়ান্তকরণ করা হয়েছে। এ মাসের ১৩, ১৪ এবং ১৫ তারিখে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে শেষ দফায় একটি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় তাঁদেরকে এ খসড়ার মুদ্রিত কপি সরবরাহ করে এর বিষয়বস্তু ব্যাখ্যা করা হয়েছে। তাঁরা সংশ্লিষ্ট সচিবগণকে এ কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করেছেন। কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পরিকল্পনাটি সংশোধনপূর্বক আগামী এক মাসের মধ্যে মুদ্রণকার্য সমাপ্ত করা সম্ভব মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

১০। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন যে, তাঁর মন্ত্রণালয় নির্বাচিত কিছু জেলায় স্বপ্ন এবং যত্ন প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্প দু'টি মূলত দরিদ্র নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বি হতে সাহায্য করছে যা সামাজিক নিরাপত্তার অন্যতম একটি লক্ষ্য।

১১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সভায় অবহিত করেন যে, তাঁর কর্মপরিকল্পনার টার্গেট অংশের যে সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে সেখানে কিছুটা সংশোধন সাপেক্ষে তার মন্ত্রণালয়ের সকল খুঁটিনাটি বিষয় অত্যন্ত চমৎকারভাবে উল্লেখ করা হয়েছে।

১২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, উল্লেখ করেন যে, কর্মপরিকল্পনাটি তিনি দেখেছেন এবং যেখানে তাঁর বিভাগের পাঁচ বছরের সকল পরিকল্পনা সুনির্দিষ্টভাবে সন্নিবেশিত হয়েছে। তাঁর বিভাগ কর্মপরিকল্পনাটির সাথে একমত পোষণ করছে এবং যথাশীঘ্র এ কর্মপরিকল্পনার সফল মুদ্রণ আশা করছেন।

১৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ উল্লেখ করেন, সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে উন্নয়ন সহযোগীদের কার্যক্রম সমন্বয়ের জন্য তাঁর মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছে। এ ক্ষেত্রে Local Consultative Group (LCG) এর আওতায় মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে সুশাসন ও সামাজিক নিরাপত্তা শীর্ষক একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। এ ওয়ার্কিং গ্রুপ সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের মধ্যে সমন্বয়ের জন্য একটি গুরুত্বপূর্ণ ফোরাম হিসাবে দায়িত্ব পালন করতে পারে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।

১৪। সভায় কয়েকজন সদস্য উল্লেখ করেন যে, তাঁদের কর্মপরিকল্পনায় সামান্য সংশোধন প্রয়োজন। এ বিষয়ে সভাপতি বলেন এ কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রণয়ন করা হয়েছে। সম্পাদিত ও সংকলিত কর্মপরিকল্পনাটির খসড়া কয়েক দফায় তাঁদের নিকট পর্যালোচনার জন্য প্রেরণ করা হয়েছে। সুতরাং এ পর্যায়ে খসড়াটিতে সংশোধনীর প্রস্তাব কাঙ্ক্ষিত নয়। তথাপি খসড়াটির গুরুত্বপূর্ণ কোন ত্রুটি পরিলক্ষিত হলে আগামী সাত দিনের মধ্যে সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। তবে তিনি কর্মপরিকল্পনার Executive Summary-টি সংশোধন ও পরিবর্ধন করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, কর্মপরিকল্পনাটিতে সরকারের কোভিড-১৯ মোকাবেলায় গৃহীত কার্যক্রমসমূহ বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন।

**১৫। সিদ্ধান্ত:**

১. গত ২৭ জুন ২০২১খ্রি: তারিখে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির পঞ্চদশ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হল;

২. জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর কর্মপরিকল্পনা উপকমিটি কর্তৃক উপস্থাপিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর ২য় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬)-টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল।

৩. অনুমোদিত কর্মপরিকল্পনাটিতে কোন মুদ্রণ ও করণিক ত্রুটি পরিলক্ষিত হলে তা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে মর্মে অনুরোধ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনাপূর্বক এটি পরিমার্জনের ব্যবস্থা করবে।

৪. জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এর ২য় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) এর এক্সিকিউটিভ সামারি অংশে বুলেট আকারে কর্মপরিকল্পনাটির মূল লক্ষ্য এবং কোভিড-১৯ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে উল্লেখ করতে হবে।

৫. আগামী এক মাসের মধ্যে চূড়ান্তকৃত কর্মপরিকল্পনাটির মুদ্রণ কাজ সমাপ্তকরণ এবং এটির উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের জন্য সামাজিক নিরাপত্তা অধিশাখার উপসচিব এবং এসএসপিএস প্রকল্প-এর প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৩/০১/2022

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব